

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১২২/২০১৬

অভিযোগকারী : জনাব অরূপ রায়
পিতা-উৎপল রায়
৫১/এ সাভার বাজার রোড
সাভার, ঢাকা।

প্রতিপক্ষ : মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
অতিরিক্ত সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ১৯-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে আরেকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দূর্ঘত্ব সম্পর্কিত কোন নিয়ম/বিধি আছে কিনা;
- খ) দূর্ঘত্ব সম্পর্কিত নিয়ম/বিধি অনুযায়ী একটি বিদ্যালয় থেকে আরেকটি বিদ্যালয়ের দূর্ঘত্ব কত হওয়ার কথা;
- গ) সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে প্রাথমিক কিন্ডারগার্ডেন বিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে দূর্ঘত্ব সম্পর্কিত কোনো নিয়ম/বিধান আছে কিনা;
- ঘ) দূর্ঘত্ব সম্পর্কিত নিয়ম/বিধান থাকলে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে কিন্ডারগার্ডেনের দূর্ঘত্ব কত হওয়ার কথা;
- ঙ) কিন্ডারগার্ডেন বিদ্যালয় এর কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস পাচ্ছে কিনা;
- চ) হ্রাস পেয়ে থাকলে তার কোন পরিসংখ্যান আছে কিনা; এবং
- ছ) পরিসংখ্যান থাকলে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও মানিকগঞ্জ জেলার ২০১১ থেকে ২০১৫ সাল পর্যন্ত এর পরিসংখ্যান।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১২-০৩-২০১৬ তারিখে সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১০-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও অদ্যাবধি কোন প্রতিকার না পেয়ে সংক্ষুর হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য প্রাপ্তির আবেদনপত্র না পাওয়ায় অভিযোগকারীকে তার চাহিত তথ্যাদি যথাযথ সময়ে সরবরাহ করতে পারেন নি । তবে তথ্য কমিশনের সমন এবং এর সাথে সংযুক্ত তথ্য প্রাপ্তির আবেদনপত্রের ফটোকপির মাধ্যমে তিনি অত্র অভিযোগের বিষয়ে জানতে পারেন । বর্তমানে তথ্য প্রাপ্তির আবেদন অনুযায়ী অভিযোগকারীকে তার চাহিত সকল তথ্য সরবরাহ করার জন্য প্রস্তুত করা হয়েছে এবং শুনানীঅন্তে অভিযোগকারীকে তার চাহিত তথ্যাদি প্রদান করবেন মর্মে তিনি কমিশনকে অবহিত করেন । অনাকাঞ্জিত বিলম্বের জন্য তিনি কমিশনের নিকট মৌখিকভাবে দুঃখ প্রকাশ করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয় ।

সিদ্ধান্ত ।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব অতিরিক্ত সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো ।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো ।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো ।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক ।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার